# চ্যান্সেলরের প্রবিধান

| | | | | |
|---|---|---|---|---|
| শ্রেণি: | শিক্ষার্থী | ইস্যুর তারিখ: 7/18/2012 | নম্বর] | **A-501** |
| বিষয়: | **প্রমোশন লাভের মানদণ্ড** | | পৃষ্ঠা: | 1 এর1 |

পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান ৩ থেকে ১২ গ্রেড পর্যন্ত প্রতিটি গ্রেডে শিক্ষার্থীদের প্রমোশনের জন্য পুরো ব্যবস্থা জুড়ে একটি স্পষ্টভাবে সংজ্ঞায়িত মানদণ্ডের নীতি প্রতিষ্ঠা করে এটি ১৩ নভেম্বর, ২০০৯ তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-501-কে রহিত করে।

পরিবর্তনসমূহ:

- এটি ৩-৮ গ্রেডের শিক্ষার্থীদের কার্যসম্পাদনা বৃদ্ধির কয়েকটি উদ্যোগে সাফল্য প্রদর্শনসাপেক্ষে প্রিন্সিপ্যালকে অতিরিক্ত ও আগে অকৃতকার্য হওয়া শিক্ষার্থীদের প্রমোশনের জন্য সুপারিশ করার কথা বলে। (pp. 6-7, § VI.E.3; p. 9, § VII.E.2.)
- ৩-৭ গ্রেডের শিক্ষার্থীদের প্রমোশনের মানদণ্ড পুনর্বিন্যস্ত করে যাতে এই সবগুলো গ্রেডে যে প্রমোশনের মান সামঞ্জস্যপূর্ণ, তা প্রতিফলিত হয়। (pp. 4-7.)
- প্রি-কিন্ডারগার্টেন ও কিন্ডারগার্টেন শিক্ষার্থীদের প্রমোশন পলিসিকে ব্যাখ্যা করে। (p. 3-4, § V.D.)
- ব্যাখ্যা দেয় যে, ইংরেজি ভাষা শিক্ষার্থীদের (ইএলএল) প্রমোশনের মানদণ্ড নিশ্চিত করা হয় শিক্ষার্থীদের যুক্তরাষ্ট্রের শিক্ষাব্যবস্থায় অন্তর্ভুক্ত থাকার সময়সীমার উপর ভিত্তি করে। (p. 5, § VI.B.; pp. 7-8, § VII.B.)
- এটি ব্যাখ্যা করে যে ৩-৭ গ্রেডের ইংরেজি ভাষা শিক্ষার্থীরা (ইএলএল) কমপক্ষে দুই বছরে, কিন্তু ছয় বছরের কম সময় ভর্তি থাকা শিক্ষার্থী ইংরেজি ভাষার শর্ত পূরণ করতে পারে হয় স্টেট ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস অ্যাসেসমেন্ট-এ ২ স্তরের সাফল্য অর্জন করে, না-হয় এসব শিক্ষার্থীদের জন্য ইংরেজি ভাষায় প্রচলিত ইংরেজি ভাষার মান অনুযায়ী (p. 5, § VI.B.2.a.); এবং ব্যাখ্যা করে যে একই প্রমোশনের মান কমপক্ষে দুই বছর, কিন্তু ছয় বছরের কম সময় ভর্তি থাকা শিক্ষার্থীর জন্য ৮ গ্রেডের সকল ইএলএল-দের ক্ষেত্রে প্রয়োগ করা হয়; (pp. 7-8, § VII.B.2.)
- ব্যাখ্যা করে যে ৩-৮ গ্রেডের প্রতিবন্ধী যারা স্টেট ও নিউ ইয়র্ক সিটির পরীক্ষায় অংশগ্রহণ করে, তাদেরকে ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার্থীদের মতো একই প্রমোশনের মানদণ্ড অনুযায়ী বিচার করা হয়, যদি-না তাদের ইনডিভিজুয়েলাইজড এডুকেশন প্রোগ্রামে (আইইপি) কোন সংশোধিত মানদণ্ড ব্যবহারের কথা উল্লেখ করা না থাকে, যে ক্ষেত্রে তাদের আইইপি-তে উল্লিখিত সংশোধিত মানদণ্ড ব্যবহার করা হয়। (p. 5, § VI.A. & C.; p. 8, § VII.C.)
- এটি ব্যাখ্যা করে যে ৯-১১ গ্রেডের প্রতিবন্ধী শিক্ষার্থীদের সাফল্য ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার্থীদের ন্যায় একই প্রমোশনের মানদণ্ড অনুযায়ী বিচার করা হয়; (p. 9-10, § V.D.)
- প্রমোশনের জন্য শিক্ষার্থীদের অবশ্যই যে মান অর্জন করতে হয়ে, সেটার সুস্পষ্ট ব্যাখ্যা দেওয়ার উদ্দেশ্যে এটি হাই স্কুল গ্র্যাজুয়েশনের ক্ষেত্রে ভাষার বাধ্যবাধকতা প্রত্যাহার করে; নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট হাই স্কুল গ্র্যাজুয়েশনের শর্তাবলি প্রতিষ্ঠা করেছে এবং তা কমিশনারের প্রবিধান 8 NYCRR 100.5-এ উল্লিখিত আছে। (p. 10.)
- উপস্থিতির প্রসঙ্গ প্রত্যাহার করে; উপস্থিতির মান সম্পর্কে চ্যান্সেলরের প্রবিধান A-210. (p. 2, § I.B.3.; p.7.)-এ ব্যাখ্যা করা হয়েছে।
- চিল্ড্রেন ফার্স্ট নেটওয়ার্ক-এর সাংগঠনিক কাঠামো প্রতিফলনের জন্য ভাষা হালনাগাদ করে। (p. 2, § I.B.)
- তদন্তের জন্য যোগাগের তথ্য হালনাগাদ করে। (p. 11, § IX.)

সংক্ষিপ্তসার

এই প্রবিধান অবিলম্বে কার্যকর এবং তা ১৩ নভেম্বর, ২০০৯ তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-501-কে হালনাগাদ করে। এই প্রবিধান ৩ থেকে ১২ পর্যন্ত সবগুলো গ্রেডের শিক্ষার্থীদের জন্য পুরো ব্যবস্থা জুড়ে একটি স্পষ্টভাবে সংজ্ঞায়িত মান প্রতিষ্ঠা করে। এটি নিউ ইয়র্ক সিটির সকল পাবলিক স্কুলে প্রমোশন নীতি বাস্তবায়ন প্রক্রিয়ার বিস্তারিত ব্যাখ্যা দেয়।

ভূমিকা

চ্যান্সেলরের প্রতিষ্ঠা করা নিম্নলিখিত উদ্দেশ্যগুলো প্রসঙ্গে এই প্রবিধান জারি হচ্ছে:

- একটি কার্যসম্পাদনাভিত্তিক মূল পাঠক্রম অনুযায়ী প্রি-কিন্ডারগার্টেন থেকে ১২ গ্রেড পর্যন্ত সবগুলো গ্রেডের শিক্ষার্থীরা কঠোর প্রাতিষ্ঠানিক মান অর্জন বা অতিক্রম করবে। ৩য় থেকে ১২শ গ্রেড পর্যন্ত সকল শিক্ষার্থীকে পরবর্তী গ্রেডে উত্তীর্ণ হেত এবং চূড়ান্ত পর্যায়ে গ্র্যাজুয়েট হতে আরো কঠোর শর্তসমূহ পূরণের উদ্দেশ্যে এই প্রবিধান প্রতিষ্ঠিত উত্তীর্ণযোগ্য মানে পৌঁছতে অথবা তা অতিক্রম করতে হবে।
- নির্ধারিত মানে পৌঁছনো এবং শ্রেণিকক্ষ নির্দেশনা উন্নত করার উদ্দেশ্যে শিক্ষার্থীর অগ্রগতি পরিমাপে স্টেট ও সিটি প্রতিষ্ঠিত ফল-ভিত্তিক মানের সাথে সঙ্গতিপূর্ণ একটি সামগ্রিক শিক্ষার্থী মূল্যায়ন ব্যবস্থা যা ক্রমাগতভাবে ব্যবহার করা হবে।
- যথাসময়ে সকল শিক্ষার্থীর নির্ধারিত মান অর্জন নিশ্চিত করতে রিজিওন এবং স্কুলসমূহের প্রয়োজনীয় সহায়তা ও হস্তক্ষেপ কর্মসূচির প্রসারে এই স্কুল ব্যবস্থার সহায়সঙ্গতিসমূহের কৌশলগত বিকাশ ও বিস্তার ঘটানো হবে।
- কার্যকর পেশাগত উন্নয়নের মাধ্যমে স্কুলগুলির শিক্ষানির্দেশনা ক্ষমতার বিস্তার ও বৃদ্ধি ঘটানো হবে যেন ৩য় গ্রেড শেষে সকল শিক্ষার্থী সাক্ষরতা ও গণিতে দক্ষতা লাভ করে এবং ৩য় থেকে ১২শ গ্রেড পর্যন্ত উত্তীর্ণ হওয়ার মান অর্জনে সফল হয়।
- শিক্ষার্থী সাফল্য বৃদ্ধির জন্য পুরো স্কুল কম্যুনিটি একটি কার্যকর কৌশল সৃষ্টি ও সহায়তাদানে অব্যাহতভাবে নিয়োজিত থাকবে।

**I.** প্রমোশননীতি বাস্তবায়নের দায়-দায়িত্ব

A. চ্যান্সেলর

চ্যান্সেলর যা করবেন:

1. পুরো ব্যবস্থা জুড়ে পাঠ্য বিষয়গুলোতে স্পষ্টভাবে কার্যসম্পাদনার মান-এর সংজ্ঞায়িত করা;
2. মান অর্জনে শিক্ষার্থীদের অগ্রগতি পরিমাপের জন্য পুরো ব্যবস্থা জুড়ে প্রচলিত পরীক্ষা-পদ্ধতির প্রতি নজরদারি করা;
3. আর্থিক, ব্যবসা এবং ইউনিভার্সিটির উপকরণ নিয়ন্ত্রণ করা এবং নিশ্চিত করা যে ডিস্ট্রিক্ট ও স্কুলসমূহে সহায়তায় উপকরণের বরাদ্দ দেওয়া হয়েছে;
   - ৩ গ্রেডের শেষে মানসম্মত রিডিং ও রাইটিং-এ (পাঠ ও লেখার ক্ষেত্রে) সকল শিক্ষার্থীর প্রতি ভারসাম্যপূর্ণ সাক্ষরতা শিক্ষানির্দেশনার প্রতি অভিনিবেশ দেওয়া;
   - সকল শিক্ষার্থী যাতে মান অর্জন করতে সক্ষম হয়, সেজন্য দিনে দীর্কালব্যাপী শিক্ষা, যেমন স্কুলের আগে, স্কুলের পরে এবং উইক-এন্ড-এ শিক্ষার কর্মসূচি;
   - বছরে বাড়তি সময় শিক্ষার সুযোগ দেওয়া, যেমন সামার স্কুল, যা মান অর্জনের ঝুঁকির মুখোমুখী শিক্ষার্থীদের বাড়তি সহায়তা ও সুযোগ দেবে; এবং
4. এই নীতি সকল ডিস্ট্রিক্ট ও সকল স্কুলে বাস্তবায়নকে তত্ত্বাবধান ও মূল্যায়ন করা।

B. <u>ডিস্ট্রিক্ট, নেটওয়ার্ক ও স্কুল</u>

1. ডিস্ট্রিক্ট কমপ্রিহেনসিভ এডুকেশন প্ল্যান (ডিসিইপি) স্কুলগুলোকে সহায়তার জন্য পথনির্দেশ দিতে শিক্ষার্থীদের পরীক্ষা ও সাফল্যের উপাত্ত বিশ্লেষণ করবে যাতে যেসব শিক্ষার্থীদের প্রমোশনের মান অর্জনের জন্য বাড়তি সহায়তার প্রয়োজন, তাদের জন্য শিক্ষানির্দেশনা হালানাগাদ করা এবং শিক্ষানির্দেশনার কৌশল এবং হস্তক্ষেপমূলক কর্মসূচি তৈরি করা যায়। সকল স্কুল নেতৃত্ব ও কর্মীদের জন্য এইসব ক্ষেত্রে উদ্দিষ্ট পেশাগত উন্নতির ব্যবস্থা অবশ্যই করতে হবে। সুপারিনটেনডেন্ট তার ডিস্ট্রিক্ট-এর স্কুলগুলোতে প্রমোশনের মানদণ্ড বাস্তবায়নের প্রতি নজরদারি করবেনেএবং সরাসরি প্রিন্সিপ্যালকে পরিচালনা করবেন যাতে নিশ্চিত করা যায় যে তার স্কুল সকল শিক্ষার্থীকে কার্যকারর শিক্ষা দিচ্ছে। সুপারিনটেনডেন্ট প্রিন্সিপ্যালের প্রমোশনের সিদ্ধান্ত এবং পিতামাতাদের আপিল পর্যালোচনা ও অনুমোদন দেবেন।

2. নেটওয়ার্কগুলো স্কুল পরিচালক ও কর্মচারীদেরকে চলমান পেশাদারিত্ব উন্নয়নে সহায়তা দেবে যাতে তারা সকল শিক্ষার্থীকে কার্যকর শিক্ষা দিতে পারেন। এছাড়াও নেটওয়ার্কগুলো স্কুলগুলোকে সহায়তা দেবে যাতে তারা কে-১২শ গ্রেডের শিক্ষার্থীদের প্রমোশননীতি বাস্তবায়নে সহায়তা দিতে পারে।

3. প্রিন্সিপ্যালগণ, স্কুল লিডারশিপ টিম-এর (এসএলটি) সহযোগে, কম্প্রিহেনসিভ এডুকেশন প্ল্যান, সামগ্রিক শিক্ষা পরিকল্পনা, সিইপি) প্রণয়ন করবেন যার অভিনিবেশ থাকবে শিক্ষার্থীদের প্রতিষ্ঠিত প্রমোশনের মান অর্জনে বা অতিক্রমে সক্ষম করে তোলা। যেসব শিক্ষার্থীর সাফল্য প্রমোশনের মান-এর চাইতে কম, সেসব শিক্ষার্থীদের জন্য সিইপি কর্মকাণ্ড এবং শিক্ষানির্দেশনা কৌশল ঠিক করবে এবং পরিকল্পনা ঠিক করবে যাতে নিশ্চিত করা যায় যে পিতামাতার্ও তাদের সন্তানের শিক্ষা-প্রক্রিয়ার সমন্বিত অংশ। এসএলটিগুলো এসব কর্মকাণ্ড ও কৌশলগুলোর কার্যকারিতা যাচাইয়ের জন্য একটি বার্ষিক মূল্যায়ন পরিচালনা করবে। স্কুল কর্মীদের জন্য এইসব ক্ষেত্রে উদ্দিষ্ট পেশাগত উন্নতির ব্যবস্থা অবশ্যই করতে হবে।

   প্রিন্সিপ্যালগণ সকল শিক্ষার্থীর জন্য কার্যকর শিক্ষানির্দেশনা ব্যবস্থার নিশ্চয়তাবিধানে তাদের স্কুলসমূহে উত্তীর্ণ হওয়ার প্রমিতমান বাস্তবায়নের বিষয়টি নিরীক্ষণ করবেন এবং শিক্ষক-শিক্ষিকাদের প্রত্যক্ষ তত্ত্বাবধান করবেন।

4. শিক্ষকগণ সকল শিক্ষার্থীর প্রদর্শিত প্রমিতমানের সাথে প্রত্যক্ষ সম্পর্কযুক্ত কার্যকর নির্দেশনা দেবেন। যথোপযুক্ত স্কুল কর্মী সহযোগে এবং প্রিন্সিপ্যালের নেতৃত্বে, শিক্ষক-শিক্ষিকাগণ যে সকল শিক্ষার্থীর উত্তীর্ণযোগ্য প্রমিতমানে না পৌঁছনোর আশঙ্কা রয়েছে, তাদের নির্দেশনাগত ও সহায়তামূলক হস্তক্ষেপ লাভ করার বিষয়টি নিশ্চিত করবেন।

   শ্রেণিকক্ষ নির্দেশনা উন্নত করার পন্থা হিসেবে এবং সন্তানদের প্রাতিষ্ঠানিক শিক্ষায় অগ্রগতির বিষয়ে পিতামাতাদের অবহিত করার লক্ষ্যে শিক্ষক-শিক্ষিকাগণ সকল লভ্য মূল্যায়ন- প্রমিতমান যাচাই, কার্যসম্পাদনাভিত্তিক মূল্যায়ন, শিক্ষার্থীর কাজের অব্যাহত মূল্যায়ন, শিক্ষকের পর্যবেক্ষণ ও পেশাদাজীবির মূল্যায়ন এবং উপস্থিতির নথি - ব্যবহার করবেন। শিক্ষার্থীর যে সকল কাজ তার প্রমিতমান অর্জনের পথে অগ্রগতির পরিচয়বহ, শিক্ষকগণ সেগুলি সংরক্ষণ করবেন।

C. <u>পিতামাতা</u>

1. পিতামাতাদের অবশ্যই সন্তানদের শিক্ষা বিষয়ে সক্রিয় অংশীদার হতে হবে। শিক্ষার্থীদের কী জানা প্রয়োজন এবং প্রমিতমান অর্জনে কোন্ পর্যায়ের সাফল্য প্রদর্শন আবশ্যক, স্কুল সুস্পষ্টভাবে তা পিতামাতাদের অবহিত করবে। শিক্ষার্থীদের যে আদর্শ উপস্থিতির হার বজায় রাখা অবশ্যিক, স্কুল সে বিষয়টিও অবহিত করবে। সন্তানদের কাজ ও অগ্রগতি বিষয়ে আলোচনা এবং শিক্ষাক্ষেত্রে তাদের সাফল্যে ইতিবাচক ভূমিকা পালনের লক্ষ্যে পিতামাতা ও পারিবারিক শিক্ষা কর্মসূচিতে অংশগ্রহণের জন্য পিতামাতাদের আমন্ত্রণ জানানো হবে।

2. একটি অব্যাহত যোগাযোগ ব্যবস্থা ব্যবহার করা হবে যার মাধ্যমে পিতামাতাগণ সুনির্দিষ্ট হস্তক্ষেপমূলক এবং/অথবা বিকল্প শিক্ষানর্দেশনার প্রয়োজন আছে কি-না এবং যদি থাকে তাহলে কখন তা প্রয়োজন সে, বিষয়ে অবহিত হবেন।

3. পিতামাতার সঙ্গে যোগাযোগ, যথাসম্ভব, তাদের বাড়িতে ব্যবহৃত ভাষায় করতে হবে। প্রমিতমান, প্রত্যাশা এবং (প্রয়োজনে) বাড়তি সহায়তার সুযোগ-সুবিধাসমূহ একবার সুস্পষ্টরূপে অবহিত করার পর এটা আশা করা হবে যে, পিতামাতাগণ শিক্ষার্থীদের যথার্থ উপস্থিতি এবং তাদের বাড়ির কাজ সুসম্পন্ন করার বিষয়টির প্রতি মনোযোগী হবেন। সন্তানের অগ্রগতি সম্পর্কে স্কুল ও শিক্ষকদের সাথে অব্যাহত যোগাযোগ রক্ষায় সহায়তা করার দায়িত্বটিও পিতামাতাদের উপরেই বর্তাবে।

D. শিক্ষার্থী

1. শিক্ষার্থীরা তাদের নির্দিষ্ট শিক্ষার লক্ষ্য অর্জনের জন্য কাজ করে যাবে এবং প্রয়োজনে, এবং তাদের শিক্ষকদের প্রদত্ত পরামর্শের ভিত্তিতে ও নিজেদের প্রচেষ্টা ও লভ্য সহায়সম্পদ ব্যবহারের মাধ্যমে তাদের কাজকে প্রমিত পর্যায়ে উন্নীত করবে।

2. শিক্ষার্থীদের নিকট প্রত্যাশা করা হবে যে প্রাতিষ্ঠানিকভাবে শ্রমসাধ্য ও প্রতিযোগিতামূলক বিষয়বস্তু মোকাবেলায় এবং প্রমিতমান অর্জনে শ্রেণির কাজ, বাড়ির কাজ ও সকল শিক্ষামূলক কর্মকান্ডে নিয়োজিত থাকবে।

3. শিক্ষার্থীরা ৯০%-এর অধিক উপস্থিতি বজায় রাখবে।

**II.** শিক্ষার্থী সহায়তা পরিষেবা

উত্তীর্ণ হওয়ার উচ্চতর প্রমিতমান অর্জনে নিয়োজিত শিক্ষার্থীদের সার্বিক শিক্ষাগত অভিজ্ঞতার ক্ষেত্রে একটি সামগ্রিক, সমন্বিত ও সম্প্রসারিত শিক্ষার্থী সহায়তা পরিষেবার অবদান অতীব গুরুত্বপূর্ণ। সকল সুপারিন্টেন্ডেন্ট ও প্রিন্সিপ্যাল এটা নিশ্চিত করবেন যে কর্মচারিদের যথোপযুক্ত প্রশিক্ষণ দেয়া হয়েছে এবং বর্তমান কর্মচারি বিধিমালা ও শর্তসমূহ তারা পালন করছেন।

শিক্ষার্থী সহায়তা পরিষেবা কর্মীদের একটি বিশেষ উদ্বেগের বিষয় হলো শিক্ষার্থীর উপস্থিতি। দৈনন্দিন উপস্থিতি সকল শিক্ষা অভিজ্ঞতায় পরিপূর্ণ অংশগ্রহণ এবং কর্ম নৈতিকতা স্থাপনের জন্য গুরুত্বপূর্ণ যা উচ্চতর শিক্ষা ও ভবিষ্যত কর্মনিয়োগে শিক্ষার্থীদের উপকারসাধন করবে।

উচ্চতর প্রমিতমানে পৌঁছতে নির্ধারিত কর্মীবৃন্দ সকল শিক্ষার্থীকে, বিশেষ করে যাদের একই শ্রেণিতে থেকে যাওয়ার আশঙ্কা রয়েছে তাদের, প্রয়োজনীয় সহায়তা যোগাবেন।

**III.** যে সকল শিক্ষার্থীর জন্য এই প্রবিধান প্রমোশন লাভের মানদণ্ড প্রতিষ্ঠা করে

নিম্নবর্ণিত ক্ষেত্রে এই প্রবিধান উত্তীর্ণ হওয়ার মান প্রতিষ্ঠা করে:

A. ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থী।

B. ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারদের (ইংরেজি ভাষা শিক্ষার্থী, ইএলএল) যারা কমপক্ষে দুই বছর যাবত ভর্তি আছে এবং ৮ গ্রেডের ইএলএল যারা কমপক্ষে এক বছর যাবত ভর্তি আছে।

C. স্পেশাল এডুকেশন সার্ভিস গ্রহণকারী প্রতিবন্ধী শিক্ষার্থীদের যারা স্টেট ও নিউ ইয়র্ক সিটি পরীক্ষায় অংশগ্রহণ করে। যাদের আইইপি সংশোধিত প্রমোশন মান নির্দিষ্ট করা নেই, ইংরেজিতে তাদের গ্রেড পর্যায়ের দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থীদের প্রমোশনের জন্য যে মানদণ্ড প্রয়োগ করা হয়, তাদের ক্ষেত্রেও সে মানদণ্ড প্রয়েঅগ করা হবে। যেসব শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের ইনডিভিজুয়েলাইজড এডুকেশন প্রোগ্রামে (আইইপি) একটি সংশোধিত প্রমোশনের মানদণ্ড প্রয়োগের সুপারিশ আছে, তাদের ক্ষেত্রে আইইপি-তে সুপারিশকৃত সংশোধিত মানদণ্ড প্রয়োগ করা হবে।

**IV.** অব্যাহতিপ্রাপ্ত শিক্ষার্থী

নিম্নোল্লিখিত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রমোশনের মানদণ্ড প্রয়োগ করা হবে না:

A. প্রি-কিন্ডারগার্টেনের সকল শিক্ষার্থী।

B. ৩-৭ গ্রেডের সকল ইংরেজি ভাষা শিক্ষার্থী, এর মধ্যে অন্তর্ভুক্ত আছে স্পেশাল এডুকেশন সার্ভিস গ্রহণকারী ৩-৭ গ্রেডের প্রতিবন্ধী শিক্ষার্থী যারা যুক্তরাষ্ট্রের স্কুল ব্যবস্থায় (ইউনাইটেড স্টেটস স্কুল সিস্টেম, ইউএসএসএস) (পোর্টোরিকো ছাড়া) দুই বছরের কম সময়ের জন্য নিবন্ধিত আছে।

C. ৮ গ্রেডের ইংরেজি ভাষা শিক্ষার্থী, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে ৮ গ্রেডের প্রতিবন্ধী শিক্ষার্থী যারা যুক্তরাষ্ট্রের স্কুল ব্যবস্থায় এক বছরের কম সময়ের জন্য নিবন্ধিত আছে।

D. প্রতিবন্ধী শিক্ষার্থী যাদের আইইপি তাদেরকে নিউ ইয়র্ক স্টেট অ্যাসেসমেন্ট-এ (নিউ ইয়র্ক স্টেট-এর পরীক্ষা, এনওয়াইএসএএ) অংশগ্রহণ করতে সুপারিশ করে।

**V.** শিক্ষার্থীর সাফল্যের জন্য আগাম প্রস্তুতি (প্রি-কিন্ডারগার্টেন থেকে ২ গ্রেড)

আর্লি চাইল্ডহুড (শৈশব) গ্রেডসমূহ - প্রি-কিন্ডারগার্টেন, কিন্ডারগার্টেন, ১ম ও ২য় - পরবর্তী গ্রেডসমূহে সাফল্যলাভে শিক্ষার্থীদের প্রস্তুত করার জন্য গুরুত্বপূর্ণ বছর। প্রতিটি স্কুল একটি সুনির্দিষ্ট কর্মসূচি বাস্তবায়ন করবে যাতে শিক্ষার্থীদেরকে প্রমোশনের মান অর্জনের জন্য শুরুতেই সনাক্তকরণ, সমৃদ্ধকরণ এবং সহায়তাদান করা যায়।

A. অগ্রগতির মূল্যায়ন

শিক্ষার্থী প্রাথমিক সাক্ষরতার মান ও গণিতে নিউ ইয়র্ক স্টেট-এর শিক্ষণ মান অর্জনের পথে অগ্রসর হওয়ার প্রমাণ দিচ্ছে কি-না, তার প্রমাণসহ শিক্ষার্থীর প্রতিবেদনের যাবতীয় বিষয় পর্যায়ক্রমে পর্যালোচনা করা হবে যাতে শিক্ষার্থীরা সাক্ষরতা ও গণিতে দক্ষতা অর্জনের পথে অগ্রসর হচ্ছে কি-না এবং যেসব শিক্ষার্থীর অগ্রগতি নিয়ে উদ্বেগ আছে, তাদের জন্য যথাযথ সহায়তা ও হস্তক্ষেপ কৌশল ব্যবহার করা হচ্ছে কি-না, তা নিশ্চিত করা যায়। পিতামাতাগণকে তাদের সন্তানের সাক্ষরতায় অগ্রগতিলাভের কথা অবহিত করা হবে ও এই প্রক্রিয়াটির সাথে যুক্ত রাখা হবে এবং শ্রেণিকক্ষের কার্যাবলি ও বাড়ির কাজে সহায়তাদানের ক্ষেত্রে অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

B. শিক্ষানির্দেশনামূলক কৌশল ও হস্তক্ষেপ

৩য় গ্রেডের আগে শিক্ষার্থীকে প্রস্তুত করার ভিত্তি হবে সাক্ষরতা ও গণিতে প্রমিত মান অর্জনকে অগাধিকার দেয়ার লক্ষ্যে প্রতিষ্ঠিত শিক্ষানির্দেশনার রীতি, কৌশল ও হস্তক্ষেপসমূহ। সকল শিক্ষার্থীর ৩য় গ্রেডের আগেই লিখন ও পঠনে স্বাবলম্বন নিশ্চিত করার উদ্দেশ্যে প্রাইমারি লিটারেসি স্ট্যান্ডার্ড (প্রাথমিক সাক্ষরতা প্রমিতমান), গণিতে নিউ ইয়র্ক স্টেট প্রমিতমান, আর্লি চাইল্ডহুড লিটারেসি অ্যাসেসমেন্ট সিস্টেম (শৈশবের সাক্ষরতা মূল্যায়ন পদ্ধতি, ECLAS-2), দিবস ও বর্ষব্যাপী সম্প্রসারিত শিক্ষানির্দেশনা, টিউটরিং এবং অন্যান্য কার্যক্রমের ব্যবহার থেকে এই সকল রীতি আহৃত হবে।

C. উপস্থিতি

স্কুলে তাদের প্রথম অভিজ্ঞতা থেকেই শিক্ষার্থীদের উপস্থিতির সুঅভ্যাস গড়ে তোলার ক্ষেত্রে উৎসাহপ্রদান করা হবে। তাই, কমপক্ষে ৯০% উপস্থিতি লক্ষ্যমাত্রা স্থির করে বিষয়টি নিয়ে পিতামাতাদের সাথে মতবিনিময় করতে হবে যাতে তারা প্রত্যাশিত উপস্থিতির গুরুত্ব অনুধাবনে সক্ষম হন এবং এ বিষয়ে তাদের অব্যাহত সহায়তা বজায় রাখেন।

D. উত্তীর্ণ হওয়ার সিদ্ধান্ত

শৈশবের গ্রেডসমূহে স্কুলের এটা প্রদর্শন করা আবশ্যক হবে যে, সকল শিক্ষার্থীকে অত্যন্ত গুরুত্বের সাথে উত্তীর্ণ হওয়ার যোগ্য করে তোলার ক্ষেত্রে বিভিন্ন ধরনের নিবিড়, যথোপযুক্ত হস্তক্ষেপমূলক ও শিক্ষানির্দেশনাগত কৌশল সুসমঞ্জসভাবে ব্যবহার করা হয়েছে। পরবর্তী গ্রেডে উত্তীর্ণ হওয়া সন্তানের জন্য ভালো হবেনা বলে যে ক্ষেত্রে বিবেচনা করা হবে, সেক্ষেত্রে সন্তানকে উত্তীর্ণ করা হবে, না-কি তাকে অনুত্তীর্ণ রাখা হবে, সে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় পিতামাতাদেরকে সক্রিয়ভাবে জড়িত করতে হবে। ছেলেমেয়ের শিক্ষকসহ পিতামাতাদের সাথে আলোচনা করে প্রিন্সিপ্যাল প্রতিবন্ধী ও ইংরেজি ভাষা শিক্ষার্থীসহ (ইএলএল) কিন্ডারগার্টেন শিক্ষার্থীদের প্রমোশনের সিদ্ধান্ত গ্রহণ করবেন। প্রিন্সিপ্যাল প্রতিবন্ধী ও ইংরেজি ভাষা শিক্ষার্থীসহ (ইএলএল) গ্রেড ১ ও গ্রেড ২-এর শিক্ষার্থীদের প্রমোশনের সিদ্ধান্ত গ্রহণ করবেন। প্রতিবন্ধী শিক্ষার্থীদেরে প্রমোশন দেওয়া বা অনুত্তীর্ণ রাখার সিদ্ধান্তের ক্ষেত্রে শিক্ষার্থীর গ্রেড পর্যায়ের অগ্রগতি ও তার আইইপি-এর উদ্দীষ্ট লক্ষ্য অর্জনে দক্ষতার কথা বিবেচনায় থাকবে। ইএলএল-দের প্রমোশন দেওয়া বা অনুত্তীর্ণ রাখার সিদ্ধান্তের ক্ষেত্রে শিক্ষার্থীর ভাষাশিক্ষায় অগ্রগতির কথা বিবেচনা অন্তর্ভুক্ত থাকবে; সীমিত ইংরেজি জানা অনুত্তীর্ণ রাখার কারণ হতে পারে না।

E. পেশাদারীত্বে উন্নতি

শিক্ষার্থীরা যাতে উৎকর্ষসাধনের প্রতিটি সুযোগ লাভ করতে পারে, সেটা নিশ্চিত করতে অন্যান্য গ্রেডের ন্যায় প্রারম্ভিক গ্রেডসমূহেও স্কুল-ভিত্তিক সকল কর্মীর জন্য অব্যাহতভাবে পেশাগত বিষয়ে অভিনিবিষ্ট পেশাদারীত্বে উন্নয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। পেশাগত মানোন্নয়নের অভিনিবেশ হবে কার্যকর শিক্ষানির্দেশনা যা প্রাথমিক সাক্ষরতায় প্রমিতমান ও গণিতে নিউ ইয়র্ক স্টেট প্রমিতমান, শিক্ষানির্দেশনার উন্নতিতে শিক্ষার্থী মূল্যায়নের উপাত্ত ব্যবহার, শিক্ষানির্দেশনা কৌশল এবং যে সকল শিক্ষার্থীর উত্তীর্ণ হওয়া নিয়ে সংশয় আছে, তাদের জন্য সহায়তামূলক হস্তক্ষেপ এবং শিক্ষার্থীর শিক্ষালাভে পিতামাতার সক্রিয় অংশীদারিত্বের বিষয়টিকে অন্তর্ভুক্ত করে।

**VI.** ৩ থে ৭ গ্রেডের ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থী, স্টেট ও নিউ ইয়র্ক সিটি পরীক্ষায় অংশগ্রহণকারী প্রতিবন্ধী শিক্ষার্থী, এবং ইংরেজি ভাষা শিক্ষার্থীদের প্রমোশনের মানদণ্ড

প্রমোশনের সিদ্ধান্ত গ্রহণের সময় উল্লিখিত সকল মানদণ্ড বিবেচনায় আনা হবে। গ্রেড ৩ থেকে ৭ পর্যন্ত প্রমোশন লাভের জন্য ইংরেজি ও গণিতের প্রমিত পরীক্ষায় কমপক্ষে ২ পর্যায়ের স্কোর না করা ব্যতিরেকে কোন শিক্ষার্থীর প্রমোশন দেওয়া বা তাকে অনুত্তীর্ণ রাখার সিদ্ধান্ত কোন একক বিষয় বিবেচনার উপর নির্ভর করতে পারবে না (যদি না VI.D., VI.E., or VIII সেকশনগুলোতে ব্যাখ্যা করা প্রক্রিয়া অনুসারে নিশ্চিত হওয়া যায় যে শিক্ষার্থী অন্যভাবে প্রমোশন লাভের জন্য প্রস্তুত)

A. ৩ থেকে ৭ গ্রেড পর্যন্ত ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থী এবং আইইপি-তে সংশোধিত প্রমোশনের মানদণ্ডের সুপারিশ নাই, এমন প্রতিবন্ধী শিক্ষার্থীদের প্রমোশন

পরবর্তী গ্রেডে প্রমোশন যে বিষয়গুলোর উপর নির্ভর করবে:

1. নির্ধারিত প্রমিত ইএলএ মূল্যায়নে ২য় বা তদূর্ধ্ব স্তরের দক্ষতা অর্জন, এবং
2. নির্ধারিত প্রমিত গণিত মূল্যায়নে ২য় বা তদূর্ধ্ব স্তরের দক্ষতা অর্জন।

উপরক্ত যে ক্ষেত্রে শিক্ষার্থীর কাজ, শিক্ষকের পর্যবেক্ষণ এবং পঞ্চম গ্রেডের প্রাতিষ্ঠানিক কোর্সসমূহের উপর ভিত্তি করে প্রিন্সিপ্যাল ঠিক করবেন যে শিক্ষার্থী ষষ্ঠ গ্রেডের প্রস্তুত ত নয়, সে ক্ষেত্রে শিক্ষার্থীকে উত্তীর্ণ করা হবে না।

এই প্রবিধানের A অংশে বর্ণিত উত্তীর্ণ হওয়ার মান অনুযায়ী যেসব শিক্ষার্থী উত্তীর্ণ হবে না, তাদেরকে নিচে D এবং E অনুচ্ছেদে বর্ণিত উত্তীর্ণ হওয়ার প্রক্রিয়া অনুযায়ী বিবেচনা করা যেতে পারে।

B. <u>৩ থেকে ৭ গ্রেড পর্যন্ত ইংরেজি ভাষা শিক্ষার্থীদের প্রমোশন</u>

ইএলএল-দের প্রমোশনের মানদণ্ড নির্ধারণ করা হবে শিক্ষার্থী কতো বছর যাবত ইউনাইটেড স্টেটস স্কুল সিস্টেমে (যুক্তরাষ্ট্রের স্কুল ব্যবস্থায়, ইউএসএসএস) (পোর্টো রিকো ছাড়া) অন্তর্ভুক্ত আছে, তার উপর ভিত্তি করে।

1. ছয় বছর বা অধিককালের জন্য ভর্তি থাকা শিক্ষার্থীদেরকে সেকশন VI.A-তে বর্ণিত প্রমোশনের মানদণ্ড অনুযায়ী বিবেচনা করা হবে।

2. কমপক্ষে দুই বছর বা ছয় বছরের কম সময় যেসব শিক্ষার্থী ভর্তি থাকবে, তাদের এবং নিয়মিত শিক্ষা বাধাপ্রাপ্ত (এসআইএফই) শিক্ষার্থীদের প্রমোশন নির্ভর করবে নিম্নলিখিত বিষয়গুলোর উপর:

   a. শিক্ষার্থীর কাজ, শিক্ষকদের পর্যবেক্ষণ এবং পরীক্ষা/মূল্যায়নের গ্রেড-এ প্রদত্ত প্রমাণের ভিত্তিতে ইংরেজি ভাষা শৈলীতে নিউ ইয়র্ক স্টেটের শিক্ষার মানদণ্ডের সাথে সামঞ্জস্য রেখে ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ (ইএসএল)-এ সন্তোষজনক অগ্রগতি অর্জন; কিংবা নিউ ইয়র্ক স্টেট ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ অ্যাচিভমেন্ট টেস্ট (এনওয়াইএসইএসএলএটি)-এ একটি সন্তোষজনক পর্যায়ের দক্ষতার প্রমাণ দিয়ে; কিংবা নির্ধারিত প্রমিতমান ইংরেজি ভাষা শৈলী পরীক্ষায় ২ বা উচ্চতর পর্যায়ের সাফল্য প্রদর্শন করে; এবং

   b. শিক্ষার্থীর মাতৃভাষায় বা ইএসএল পদ্ধতি ব্যবহার করে শেখানো গণিত শিক্ষায় নিউ ইয়র্ক স্টেট-এর প্রমিত শিক্ষার মান অর্জন করে; কিংবা শিক্ষার্থীর কাজ, শিক্ষকের পর্যবেক্ষণ এবং পরীক্ষা/মূল্যায়নে ইএসএল পদ্ধতি ব্যবহার করে গণিত শিক্ষায় সন্তোষজনক অগ্রগতির প্রমাণ দিয়ে; কিংবা নির্ধারিত প্রমিতমান গণিত পরীক্ষায় ২ বা উচ্চতর পর্যায়ের সাফল্য প্রদর্শন করে;

3. এককভাবে ইংরেজিতে সীমিত দক্ষতা অনুত্তীর্ণ রাখার কারণ হতে পারবেনা। ৩ থেকে ৭ গ্রেড পর্যন্ত যেসব ইংরেজি ভাষা শিক্ষার্থী জুন মাসে প্রমোশন লাভ করেনা, তাদেরকে সামার স্কুলের জন্য সুপারিশ করা হয়। তাদের প্রমোশনের সিদ্ধান্ত অগাস্ট মাসে পুনর্বিবেচনা করা হবে এবং প্রিন্সিপ্যাল একটি চূড়ান্ত সুপারিশ করবেন যা সুপারিনটেনডেন্ট পর্যালোচনা ও অনুমোদন করবেন।

C. <u>৩ থেকে ৭ গ্রেড পর্যন্ত আইইপি-তে উত্তীর্ণ হওয়ার সংশোধিত মানদণ্ডের জন্য সুপারিশপ্রাপ্ত স্টেট ও সিটি ভিত্তিক মূল্যায়নে অংশগ্রহণকারী প্রতিবন্ধী শিক্ষার্থীদের প্রমোশন</u>

আইপি টিম যখন আইইপি-তে একটি সংশোধিত প্রাতিষ্ঠানিক প্রমোশনের মান নির্ধারণ করে দেয়, তখন সংশোধিত মান প্রয়োগ করা হবে। সংশোধিত প্রমোশনের মানবিশিষ্ট শিক্ষার্থী যাকে জুন মাসে উত্তীর্ণ হতে পারেনা, তাকে সামার স্কুলের সুপারিশ করা হয়। তাদের প্রমোশনের সিদ্ধান্ত অগাস্ট মাসে পুনর্বিবেচনা করা হবে এবং প্রিন্সিপ্যাল একটি চূড়ান্ত সুপারিশ করবেন যা সুপারিনটেনডেন্ট পর্যালোচনা ও অনুমোদন করবেন।

D. <u>৩ থেকে ৭ গ্রেড পর্যন্ত ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থী, আইইপি-তে সংশোধিত প্রমোশনের মানদণ্ডের সুপারিশবিহীন প্রতিবন্ধী শিক্ষার্থী, এবং ছয় বছরের অধিককাল নিবন্ধিত ইংরেজি ভাষা শিক্ষার্থীদের প্রমোশনের জন্য জুন মাসের পর্যালোচনা প্রক্রিয়া</u>

1. নির্ধারিত ইএলএ বা গণিত পরীক্ষায় যেসব শিক্ষার্থী ২ বা উচ্চতর দক্ষতা পর্যায়ে স্কোর করতে পারবে না, স্কুল শিক্ষকদের প্রমোশন পোর্টফোলিও নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট বেঞ্চমার্ক-এর সাথে শিক্ষার্থীর তুলনামূলক কার্যসম্পাদনার প্রমাণসহ তাদের প্রমোশন পোর্টফোলিও তৈরি ও উপস্থাপন করবে। প্রমোশন পোর্টফোলিওতে শিক্ষার্থীর লেখার নমুনা, ক্লাসওয়ার্ক, হোমওয়ার্ক, শিক্ষকের পর্যবেক্ষণ এবং অন্যান্য শিক্ষার্থীর কার্যসম্পাদনা সম্পর্কিত বিভিন্ন তথ্য সন্নিবেশিত থাকতে পারে। এ ধরনের পোর্টফোলিও জুন মাসে স্কুল বছরের শেষে জমা দিতে হবে।

2. শিক্ষার্থীর পরীক্ষায় প্রাপ্ত স্কোর তার প্রকৃত দক্ষতার প্রতিফলন কি-না, সেটা নিশ্চিত হওয়ার জন্য প্রত্যেক শিক্ষার্থীর প্রমিত প্রমোশন পোর্টফোলিওর ফল পুনরীক্ষণ করা হবে। শ্রেণিশিক্ষক প্রত্যেক শিক্ষার্থীর পোর্টফোলিও পুনরীক্ষণ করে মূল্যায়নে প্রাপ্ত শিক্ষার্থীর নম্বর তার দক্ষতার নির্ভুল প্রতিফলন কি-না তা স্থির করবেন। শ্রেণিশিক্ষক তার বিচার-বিশ্লেষণ অনুযায়ী প্রত্যেক শিক্ষার্থী ইংরেজি ভাষা শৈলীতে নিউ ইয়র্ক স্টেট শিক্ষার মান অর্জনের লক্ষ্যে ১ম স্তর, ২য় স্তর অথবা উচ্চতর ২য় স্তরের সমপর্যায়ের কার্যসম্পাদনা করছে কি-না (শিক্ষার্থীর কাজ, শিক্ষক-শিক্ষিকার পর্যবেক্ষণ ও মূল্যায়ন/গ্রেড যার নিদর্শন) এবং গণিতে নিউ ইয়র্ক স্টেট শিক্ষার মান-এর অনুরূপ কার্যসম্পাদনা করছে কি-না (শিক্ষার্থীর কাজ এবং শিক্ষকের পর্যবেক্ষণ এবং মূল্যায়ন/স্কোর যার নিদর্শন) সে বিষয়ে ইঙ্গিত দেবেন।

3. প্রিন্সিপ্যাল জুন মাসে সকল পোর্টফোলিও পুনরীক্ষণ করবেন। যদি প্রিন্সিপ্যাল এমন শিক্ষকের মূল্যায়নের মুখোমুখী হন যেখানে কোন শিক্ষার্থী ২ বা তদূর্ধ পর্যায়ের কার্যসম্পাদনা প্রদর্শন করছে, তাহলে প্রিন্সিপ্যাল তাকে পরবর্তী গ্রেডে প্রমোশনের সুপারিশ করবেন এবং সে সুপারিশ ও শিক্ষার্থীর প্রমোশন পোর্টফোলিও পর্যালোচনার জন্য সুপারিনটেনডেন্টের কাছে প্রেরণ করবেন।

4. সুপারিন্টেন্ডেন্ট প্রিন্সিপ্যালের সুপারিশগুলি পুনরীক্ষণ করবেন এবং প্রতিষ্ঠিত ব্যবস্থাভিত্তিক নিয়মাবলির আলোকে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

5. যেসব শিক্ষার্থী নির্ধারিত প্রমিত ইএলএ কিংবা গণিত পরীক্ষায় দক্ষতার স্তর ১ লাভ করবে, এবং যে জুন মাসের পোর্টফোলিওর ফল অনুযায়ী প্রমোশন লাভ করে না, তাদেরকে সামার স্কুলের সুপারিশ করা হবে এবং অগাস্ট মাসে অনুষ্ঠিতব্য নিউ ইয়র্ক সিটি সামার ইএলএ এবং/অথবা গণিত পরীক্ষায় অংশ নিতে তাদেরকে উৎসাহিত করা হবে। বসন্তে পাঠ্য বিষয়ে উত্তীর্ণ হতে ব্যর্থ শিক্ষার্থীদেরকেই শুধু এই পরীক্ষায় (পরীক্ষাগুলোতে) অংশগ্রহণ করতে হয়।

E. <u>৩ থেকে ৭ গ্রেড পর্যন্ত ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থী, আইইপি-তে সংশোধিত প্রমোশনের মানদণ্ডের সুপারিশবিহীন প্রতিবন্ধী শিক্ষার্থী, এবং ছয় বছরের অধিককাল নিবন্ধিত ইংরেজি ভাষা শিক্ষার্থীদের প্রমোশনের জন্য অগাস্ট মাসের পর্যালোচনা প্রক্রিয়া</u>

1. যে শিক্ষার্থী অগাস্ট মাসে নিউ ইয়র্ক সিটি সামার ইএলএ এবং অথবা গণিত পরীক্ষায় অংশগ্রহণ করে এবং ২ বা তদূর্ধ পর্যায়ের দক্ষতা প্রদর্শন করে, তাদেরকে পরবর্তী গ্রেডে উত্তীর্ণ করা হবে। তবে শিক্ষার্থীর কাজ এবং শিক্ষকের পর্যবেক্ষণের উপর ভিত্তি করে একজন প্রিন্সিপ্যাল যখন নিশ্চিত হবেন যে, সে শিক্ষার্থী পরবর্তী গ্রেডের জন্য প্রস্তুত নয়, সে ক্ষেত্রে শিক্ষার্থীকে উত্তীর্ণ করা হবে না। এধরণের ক্ষেত্রে সুপারিনটেনডেন্ট প্রিন্সিপ্যালের অনুত্তীর্ণ রাখার সুপারিশ পুরীক্ষণ করবেন।

2. অগাস্ট মাসে যে সকল শিক্ষার্থী একটি বা উভয় মূল্যায়নেই ২য় স্তরের দক্ষতা অর্জনে ব্যর্থ হয়েছে, প্রিন্সিপ্যাল অগাস্ট মাসের মূল্যায়নের নম্বর, গ্রীষ্মকালীন স্কুলের কাজ এবং গ্রীষ্মকালীন স্কুলের শিক্ষক-শিক্ষিকার পর্যবেক্ষণসহ ইতোপূর্বে শ্রেণিশিক্ষকের জমা দেয়া পত্রকোষ পুনরীক্ষণ করবেন। যদি প্রিন্সিপ্যালের বিবেচনায় প্রতীয়মান হয় যে, শিক্ষার্থী ২য় স্তরের সমতুল দক্ষতা অর্জন করেছে, তাহলে প্রিন্সিপ্যাল শিক্ষার্থীকে উত্তীর্ণ করার জন্য কম্যুনিটি সুপারিন্টেন্ডেন্ট-এর কাছে সংশ্লিষ্ট প্রমাণাদিসহ একটি সুপারিশ পেশ করবেন।

3. অগাস্ট মাসে প্রিন্সিপ্যাল নিম্নলিখিত বিশেষ বিশেষ পরিস্থিতিতে শিক্ষার্থীদের প্রমোশনের বিষয় বিবেচনা করবেন:

- যেসব শিক্ষার্থী অগাস্ট মাসে নিউ ইয়র্ক সিটি সামার টেস্ট-এর একটি বা উভয়টিতে অংশগ্রহণ করে এবং ইএলএ বা গণিতের যেকোন একটিতে দক্ষতার স্তর ১ অর্জন করে, <u>এবং</u> অন্যটিতে দক্ষতার স্তর ৩ বা বেশি লাভ করে, তাহলে তাকে প্রমোশনের জন্য সুপারিশ করা হতে পারে; এবং
- চলমান বা অতীতের দুইটি গ্রেড স্তরে অনুত্তীর্ণ হয়েছে, এমন শিক্ষার্থীর ক্ষেত্রে, কিংবা বর্তমান স্কুল বছরের ৩১ ডিসেম্বরে যাদের বয়সা ২ বছর বেশি হয়, সেসব শিক্ষার্থীর ক্ষেত্রে প্রিন্সিপ্যাল একাধিক বিষয়ে বিবেচনা করতে পারেন (যেমন প্রমিত পরীক্ষার স্কোর, ক্লাসরুমের মূল্যায়ন, সমাপ্ত করা ক্লাসের কাজ, এবং শিক্ষকের পর্যবেক্ষণ)। উপরে বর্ণিত মূল্যায়নধর্মী পদক্ষেপে যেসব শিক্ষার্থী অগ্রগতি প্রদর্শন করবে, সেসব শিক্ষার্থীদের প্রমোশনের জন্য প্রিন্সিপ্যাল সুপারিশ করতে পারেন। এই নিয়ম ১ অগাস্ট, ২০১২ থেকে কার্যকর।

4. সুপারিন্টেন্ডেন্ট প্রিন্সিপ্যালের সুপারিশগুলি পুনরীক্ষণ করবেন এবং প্রতিষ্ঠিত ব্যবস্থাভিত্তিক নিয়মাবলির আলোকে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

**VII.** <u>৮ গ্রেডের ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থী, আইইপি-তে সংশোধিত মানদণ্ডের সুপারিশ করা হয়নি এমন প্রতিবন্ধী শিক্ষার্থী, এবং ইংরেজি ভাষা শিক্ষার্থী প্রমোশনের</u>

উত্তীর্ণ হওয়া বিষয়ক সিদ্ধান্তসমূহের ক্ষেত্রে প্রত্যেক গ্রেডের জন্য বর্ণিত মানদণ্ড বিবেচনা করা হবে। নির্ধারিত ইএলএ ও গণিতের প্রমিতমান পরীক্ষায় অবশ্যই কমপক্ষে ২য় পর্যায়ের স্কোর করা এবং ৯ গ্রেডের উত্তীর্ণ হওয়ার জন্য ৮ গ্রেডের মূল পাঠ্য বিষয়ে উত্তীর্ণযোগ্য ফল অর্জন করা (যদি না সেকশন VII.D, VII.E, অথবা IX-এ উল্লিখিত ব্যবস্থা অনুযায়ী অন্য কোনভাবে প্রমোশনের জন্য প্রস্তুত বলে বিবেচনা করা হয়) ব্যতীত প্রমোশন দেওয়া বা অনুত্তীর্ণ রাখার সিদ্ধান্ত কোন একক বিষয়ের উপর নির্ভর করতে পারে না।

A. <u>8 থেকে 9 গ্রেড পর্যন্ত ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থী এবং আইইপি-তে সংশোধিত প্রমোশনের মানদণ্ডের সুপারিশ নাই, এমন প্রতিবন্ধী শিক্ষার্থীদের প্রমোশন</u>

৮ম থেক ৯ম গ্রেডে উত্তীর্ণ হওয়ার ভিত্তি হবে:

1. নির্ধারিত প্রমিত ইংরেজি ভাষা শৈলী ও গণিত পরীক্ষায় ২ বা উচ্চতর স্তর অর্জন করা; এবং

2. মূল পাঠ্য ইংরেজি, গণিত, বিজ্ঞান এবং সমাজপাঠের মূল পাঠ্য কোর্সগুলোতে উত্তীর্ণযোগ্য নম্বর অর্জন করা।



NYC Department of Education

এই প্রবিধানের A অংশে বর্ণিত উত্তীর্ণ হওয়ার মান অনুযায়ী যেসব শিক্ষার্থী উত্তীর্ণ হবে না, তাদেরকে নিচে D এবং E অনুচ্ছেদে বর্ণিত উত্তীর্ণ হওয়ার প্রক্রিয়া অনুযায়ী বিবেচনা করা যেতে পারে।

B. <u>ইংরেজি ভাষা শিক্ষার্থীদের ৮ম গ্রেড থেকে প্রমোশন দেওয়া</u>

ইংরেজি ভাষা শিক্ষার্থীদের প্রমোশনের মানদণ্ড নির্ধারণ করা হবে শিক্ষার্থী কতো বছর যাবত পোর্টো রিকো ব্যতীত ইউনাইটেড স্টেটস স্কুল সিস্টেমে (যুক্তরাষ্ট্রের স্কুল ব্যবস্থায়, ইউএসএসএস) অন্তর্ভুক্ত আছে, তার উপর ভিত্তি করে:

1. কমপক্ষে দুই বছর বা ছয় বছরের কম সময় যেসব শিক্ষার্থী ভর্তি থাকবে, তাদের এবং নিয়মিত শিক্ষা বাধাপ্রাপ্ত (এসআইএফই) শিক্ষার্থীদের প্রমোশন নির্ভর করবে নিম্নলিখিত বিষয়গুলোর উপর:
   a. মূল পাঠ্য ইংরেজি, গণিত, বিজ্ঞান এবং সমাজপাঠের মূল পাঠ্য কোর্সগুলোতে উত্তীর্ণযোগ্য নম্বর অর্জন করা
2. কমপক্ষে দুই বছর, তবে ৪ বছরের কম সময়ের জন্য নিবন্ধিত শিক্ষার্থীদের উত্তীর্ণ হওয়া নির্ভর করবে নিচের বিষয়গুলোর উপর:
   a. স্টেটের গণিত পরীক্ষায় ২ বা উচ্চতর স্তর অর্জন করা;
   b. এনওয়াইএসইএসএলএটি বা ইংরেজি ভাষা শৈলী পরীক্ষায় প্রত্যাশিত অগ্রগতির অর্জন করে [1]; এবং
   c. ইংরেজি, গণিত, বিজ্ঞান এবং সমাজপাঠের মূল পাঠ্য কোর্সগুলোতে উত্তীর্ণযোগ্য নম্বর অর্জন করা।
3. শিক্ষার্থী চার বছর বা অধিক সময়ের জন্য ভর্তি থাকা শিক্ষার্থীদেরকে সেকশন VII.A-এর নিয়ম অনুযায়ী ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থীদের মতো একই প্রমোশনের মানদণ্ড অনুযায়ী বিবেচনা করা হবে।

এককভাবে ইংরেজিতে সীমিত দক্ষতা অনুত্তীর্ণ রাখার কারণ হতে পারবেনা। ৮ গ্রেডের যেসব ইংরেজি ভাষা শিক্ষার্থী জুন মাসে প্রমোশন লাভ করেনা, তাদেরকে সামার স্কুলের জন্য সুপারিশ করা হয়। তাদের প্রমোশনের সিদ্ধান্ত অগাস্ট মাসে পুনর্বিবেচনা করা হবে এবং প্রিন্সিপ্যাল একটি চূড়ান্ত সুপারিশ করবেন যা সুপারিনটেনডেন্ট পর্যালোচনা ও অনুমোদন করবেন।

C. <u>আইইপি-তে উত্তীর্ণ হওয়ার সংশোধিত মানদণ্ডের সুপারিশপ্রাপ্ত স্টেট ও সিটি ভিত্তিক মূল্যায়নে অংশগ্রহণকারী ৮ গ্রেডের প্রতিবন্ধী শিক্ষার্থীদের প্রমোশন</u>

আইপি টিম যখন আইইপি-তে একটি সংশোধিত প্রাতিষ্ঠানিক প্রমোশনের মান নির্ধারণ করে দেয়, তখন সংশোধিত মান প্রয়োগ করা হবে। সংশোধিত প্রমোশনের মানবিশিষ্ট শিক্ষার্থী যাকে জুন মাসে উত্তীর্ণ হতে পারেনা, তাকে সামার স্কুলের সুপারিশ করা হয়। তাদের প্রমোশনের সিদ্ধান্ত অগাস্ট মাসে পুনর্বিবেচনা করা হবে এবং প্রিন্সিপ্যাল একটি চূড়ান্ত সুপারিশ করবেন যা সুপারিনটেনডেন্ট পর্যালোচনা ও অনুমোদন করবেন।

D. <u>৮ গ্রেডের ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থী, আইইপি-তে সংশোধিত প্রমোশনের মানদণ্ডের সুপারিশবিহীন প্রতিবন্ধী শিক্ষার্থী, এবং চার বছরের অধিককাল নিবন্ধিত ইংরেজি ভাষা শিক্ষার্থীদের প্রমোশনের জন্য জুন মাসের পর্যালোচনা প্রক্রিয়া</u>

1. স্টেটের ইএলএ ও গণিত পরীক্ষায় যেসব শিক্ষার্থী দক্ষতার স্তর ২ বা অধিক স্কোর করতে পারে না, তাদের জন্য ক্লাসরুম টিচার একটি প্রমিত প্রমোশন পোর্টফোলিও তৈরি করবেন ও প্রিন্সিপ্যালের কাছে জমা দেবেন। শিক্ষার্থী যেসব বিষয়ে প্রমোশনের মান অর্জন করতে পারেনি, সেসব বিষয়গুলোতে শিক্ষার্থীর কার্যসম্পাদনার নিদর্শন পোর্টফোলিওতে থাকবে। এ ধরনের পোর্টফোলিও জুন মাসে স্কুল বছরের শেষে জমা দিতে হবে। দ্রষ্টব্য : এক বা অধিক মূল পাঠ্য কোর্স-এ উত্তীর্ণ না হওয়ায় যেসব শিক্ষার্থীদের প্রমোশন লাভ করবে না, তাদেরকে সামার স্কুলে অংশগ্রহণ করা ও উত্তীর্ণযোগ্য স্কোর লাভ করার জন্য উৎসাহিত করা হচ্ছে। এসব ক্ষেত্রে জুন মাসের স্বতোঃক্রিয় পুনর্বিবেচনা প্রক্রিয়া নেই।
2. শিক্ষার্থীর পরীক্ষায় প্রাপ্ত স্কোর তার প্রকৃত দক্ষতার প্রতিফলন কি-না, সেটা নিশ্চিত হওয়ার জন্য প্রত্যেক শিক্ষার্থীর প্রমিত প্রমোশন পোর্টফোলিওর ফল পুনরীক্ষণ করা হবে। শ্রেণিশিক্ষক প্রত্যেক শিক্ষার্থীর পোর্টফোলিও কার্যসম্পাদনা পর্যালোচনা করে মূল্যায়নে প্রাপ্ত শিক্ষার্থীর স্কোর তার দক্ষতার নির্ভুল প্রতিফলন কি-না তা স্থির করবেন। শ্রেণিশিক্ষক একটি প্রমিত ছক ব্যবহার করে তার বিবেচনায় প্রতিটি শিক্ষার্থী নিউ ইয়র্ক স্টেট ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস বা নিউ ইয়র্ক স্টেট লার্নিং স্ট্যান্ডার্ডস ফর ম্যাথমেটিক্স-এর মান অর্জনের লক্ষ্যে স্তর ১, স্তর ২, না উচ্চতর স্তর ২-এর সমান কার্যসম্পাদনা করেছে, সে ইঙ্গিত দেবেন।
3. প্রিন্সিপ্যাল জুন মাসে সকল পোর্টফোলিও পুনরীক্ষণ করবেন। শিক্ষার্থী উচ্চতর ২য় বা তারচেয়ে উচ্চতর স্তরের কার্যসম্পাদনা করছে বলে শিক্ষকের মূল্যায়নের সাথে যদি প্রিন্সিপ্যাল একমত হন, তাহলে প্রিন্সিপ্যাল সেই শিক্ষার্থীকে ৯ম গ্রেডে উত্তীর্ণ করার সুপারিশ করবেন এবং এই সুপারিশ ও অন্যান্য সংশ্লিষ্ট প্রমাণ (শিক্ষার্থীর পত্রকোষ সহ) সুপারিন্টেন্ডেন্ট-এর কাছে পাঠিয়ে দেবেন।
4. সুপারিন্টেন্ডেন্ট প্রিন্সিপ্যালের সুপারিশগুলি পুনরীক্ষণ করবেন এবং প্রতিষ্ঠিত ব্যবস্থাভিত্তিক নিয়মাবলির আলোকে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

[1] জুন বা অগাস্ট মাসে যদি সাফল্যের উপাত্ত পাওয়া না যায়, তাহলে একটি প্রমোশন পোর্টফোলিও ব্যবস্থা প্রয়োগ যেতে পারে।

5. নির্ধারিত প্রমিত ইএলএ বা গণিত পরীক্ষায় যেসব শিক্ষার্থী দক্ষতার স্তর ১–এ স্কোর করে, এবং জুন মাসের পোর্টফোলিও–এর ফল অনুযায়ী যারা প্রমোশন লাভ করে না, তাদেরকে সামার স্কুলে সুপারিশ করা হয় এবং উৎসাহিত করা হয় যাতে তারা অগাস্ট মাসে আবশ্যিক নিউ ইয়র্ক সামার ইএলএ এবং/অথবা গণিত পরীক্ষায় অংশগ্রহণ করে। অগাস্ট মাসে আবশ্যিক নিউ ইয়র্ক সামার ইএলএ এবং/অথবা গণিত পরীক্ষায় অংশগ্রহণ করে। বসন্তে পাঠ্য বিষয়ে উত্তীর্ণ হতে ব্যর্থ শিক্ষার্থীদেরকেই শুধু এই পরীক্ষায় (পরীক্ষাগুলোতে) অংশগ্রহণ করতে হয়।

6. জুন মাসে যেসব শিক্ষার্থী এক বা একাধিক মূল পাঠ্য বিষয়ে উত্তীর্ণ না হওয়ার কারণে প্রমোশনের মান অর্জন করতে ব্যর্থ হয়, তারা সামার স্কুলে কোর্সের শর্ত পূরণ করে প্রয়োজনীয় কোর্সে (কোর্সগুলোতে) প্রমোশনের মান অর্জন করতে পারবে।

E. <u>৮ গ্রেডের ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থী, আইইপি-তে সংশোধিত প্রমোশনের মানদণ্ডের সুপারিশবিহীন প্রতিবন্ধী শিক্ষার্থী, এবং চার বছর বা অধিককাল নিবন্ধিত ইংরেজি ভাষা শিক্ষার্থীদের প্রমোশনের জন্য জুন মাসের পর্যালোচনা প্রক্রিয়া</u>

1. যেসব শিক্ষার্থী অগাস্ট মাসে নিউ ইয়র্ক সিটি সামার ইএলএ এবং/অথবা গণিত পরীক্ষায় অংশগ্রহণ করবে এবং অংশগ্রহণকারী পরীক্ষায় দক্ষতার স্তর ২ বা উচ্চতর স্কোর করবে, তারা ৯ গ্রেডে প্রমোশন লাভের যোগ্যতা অর্জন করবে। তদুপরি যেসব শিক্ষার্থী সামার স্কুলের মূল পাঠ্য বিষয়ের (বিষয়গুলোর) কোর্সে উত্তীর্ণযোগ্য নম্বর লাভ করবে, তারা ৯ গ্রেডে প্রমোশন লাভ করবে।

2. অগাস্ট মাসে যে সকল শিক্ষার্থী একটি বা উভয় মূল্যায়নেই ২য় বা উচ্চতর স্তরের দক্ষতা অর্জনে ব্যর্থ হয়েছে, প্রিন্সিপ্যাল অগাস্ট মাসের মূল্যায়নের নম্বর, গ্রীষ্মকালীন স্কুলের কাজ এবং গ্রীষ্মকালীন স্কুলের শিক্ষক-শিক্ষিকার পর্যবেক্ষণসহ ইতোপূর্বে শ্রেণিশিক্ষকের জমা দেয়া পত্রকোষ পুনরীক্ষণ করবেন। যদি প্রিন্সিপ্যালের বিবেচনায় প্রতীয়মান হয় যে, শিক্ষার্থী ২য় স্তরের সমতুল দক্ষতা অর্জন করেছে বা উত্তীর্ণযোগ্য নম্বর পেয়েছে, তাহলে প্রিন্সিপ্যাল শিক্ষার্থীকে উত্তীর্ণ করার জন্য সুপারিন্টেন্ডেন্ট-এর কাছে সংশ্লিষ্ট প্রমাণাদিসহ একটি সুপারিশ পেশ করবেন।

   - চলমান বা অতীতের দুইটি গ্রেড স্তরে অনুত্তীর্ণ হয়েছে, এমন শিক্ষার্থীর ক্ষেত্রে, কিংবা বর্তমান স্কুল বছরের ৩১ ডিসেম্বরে যাদের বয়স ২ বছর বেশি হয়, সেসব শিক্ষার্থীর ক্ষেত্রে প্রিন্সিপ্যাল একাধিক বিষয়ে বিবেচনা করতে পারেন (যেমন প্রমিত পরীক্ষার স্কোর, ক্লাসরুমের মূল্যায়ন, সমাপ্ত করা ক্লাসের কাজ, এবং শিক্ষকের পর্যবেক্ষণ)। যেসব শিক্ষার্থী উপরোল্লিখিত পরীক্ষাগুলোতে উন্নতির প্রমাণ দেখাতে পারবে, প্রিন্সিপ্যাল তাদেরকে প্রমোশনের জন্য সুপারিশ করতে পারবেন। এই নিয়ম ১ অগাস্ট, ২০১২ থেকে কার্যকর।

3. সুপারিন্টেন্ডেন্ট প্রিন্সিপ্যালের সুপারিশগুলি পুনরীক্ষণ করবেন এবং প্রতিষ্ঠিত ব্যবস্থাভিত্তিক নিয়মাবলির আলোকে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

F. <u>৮ গ্রেড থেকে অনুত্তীর্ণ শিক্ষার্থী</u>

যেসব শিক্ষার্থী ৮ গ্রেড থেকে প্রমোশন লাভের শর্ত পূরণ করতে পারে না, তাদেরকে প্রয়োজনীয় বাড়তি সময় ও সহায়তা দেওয়া হবে যাতে তারা ৮ গ্রেডের উত্তীর্ণ হওয়ার শর্ত পূরণ করতে পারে। স্কুলের দায়িত্ব হলো যেসব শিক্ষার্থী ৮ গ্রেডে অনুত্তীর্ণ থাকে, তাদেরকে একটি সুবিন্যস্ত নিবিড় হস্তক্ষেপমূলক ব্যবস্থা তৈরি করে দেবে যা তাদেরকে প্রমোশনের মান অর্জনের পথে এগিয়ে নিয়ে যাবে।

**VIII.** <u>ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থী, স্টেট এবং নিউ ইয়র্ক সিটির পরীক্ষাসমূহে অংশগ্রহণকারী প্রতিবন্ধী শিক্ষার্থী, এবং ৯-১২ গ্রেডের ইংরেজি ভাষা শিক্ষার্থীদের প্রমোশনের মানদণ্ড</u>

৯০১২ গ্রেডে শিক্ষার্থীরেদকে পরবর্তী গ্রেডে উত্তীর্ণ হওয়ার জন্য অবশ্যই প্রয়োজনীয় সংখ্যক ক্রেডিট সংগ্রহ করতে হবে।

A. <u>ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থী, স্টেট এবং নিউ ইয়র্ক সিটির পরীক্ষাসমূহে অংশগ্রহণকারী প্রতিবন্ধী শিক্ষার্থী, এবংঙ ইংরেজি ভাষা শিক্ষার্থীদের ৯ গ্রেড থেকে উত্তীর্ণ হওয়া</u>

৯ গ্রেড থেকে উত্তীর্ণ হওয়া নির্ভর করবে শিক্ষার্থীর নিচের বিষয়গুলোতে সমন্বিত পরীক্ষার উপর:

1. পাঠ্য বিষয়গুলোতে সাফল্যের সাথে মান অর্জন করা;

2. কমপক্ষে আট (৮) ক্রেডিট সংগ্রহ করা।

B. <u>ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থী, স্টেট এবং নিউ ইয়র্ক সিটির পরীক্ষাসমূহে অংশগ্রহণকারী প্রতিবন্ধী শিক্ষার্থী, এবং ইংরেজি ভাষা শিক্ষার্থীদের ১০ গ্রেড থেকে উত্তীর্ণ হওয়া</u>

১০ গ্রেড থেকে উত্তীর্ণ হওয়া নির্ভর করবে শিক্ষার্থীর নিচের বিষয়গুলোতে সমন্বিত পরীক্ষার উপর:

1. শিক্ষার্থীর কাজ, শিক্ষকের পর্যালোচনা এবং পরীক্ষা/নম্বরের মাধ্যমে ভাষা শৈলী, গণিত এবং বিজ্ঞানে নিউ ইয়র্ক স্টেটের শিক্ষার মান অর্জনের প্রমাণ দেওয়া;

2. ইংরেজি/ইএসএল চার (৪) এবং সমাজপাঠে চার (৪) ক্রেডিটসহ মোট ২০ ক্রেডিট সংগ্রহ করা; এবং

C. ইংরেজিতে দক্ষ সাধারণ শিক্ষার শিক্ষার্থী, স্টেট এবং নিউ ইয়র্ক সিটির পরীক্ষাসমূহে অংশগ্রহণকারী প্রতিবন্ধী শিক্ষার্থী, এবং ইংরেজি ভাষা শিক্ষার্থীদের ১১ গ্রেড থেকে উত্তীর্ণ হওয়া

১১ গ্রেড থেকে উত্তীর্ণ হওয়া নির্ভর করবে শিক্ষার্থীর নিচের বিষয়গুলোতে সমন্বিত পরীক্ষার উপর:

1. পাঠ্য বিষয়গুলোতে সাফল্যের সাথে মান অর্জন করা ;
2. ৩০ ক্রেডিট সংগ্রহ করা।

D. হাই স্কুল গ্র্যাজুয়েশন

১২ গ্রেডে শিক্ষার্থীদের অবশ্যই নির্ধারিত পাঠ্য বিষয়ে প্রয়োজনীয় সংখ্যক ক্রেডিট সংগ্রহ করতে হবে এবং নিউ ইয়র্ক স্টেটের গ্র্যাজুয়েশনের শর্ত পূরণের জন্য পাঠ্য বিষয়ে প্রয়োজনীয় সংখ্যক স্টেট পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এই শর্তগুলো নিউ ইয়র্ক স্টেট কমিশনারের প্রবিধান 8 NYCRR 100.5-এ উল্লিখিত আছে।

E. হাই স্কুল গ্র্যাজুয়েশনের শর্ত পূরণে ব্যর্থতা

যেসব শিক্ষার্থী হাই স্কুল গ্র্যাজুয়েশনের শর্ত পূরণে ব্যর্থ হবে, তারা তাদের ২১মত জন্মদিন হবে যে বছর, সে বছরের শেষ দিন পর্যন্ত দিনে, সন্ধ্যায় এবং সামার স্কুলে অব্যাহত সহায়তা এবং শিক্ষানির্দেশনা পেতে পারে। শিক্ষা বছর শুরু হয় ১ জুলাই এবং শেষ হয় ৩০ জুন।

## IX. ৩ থেকে ১২ গ্রেড পর্যন্ত প্রমোশনের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া

প্রমোশনের সিদ্ধান্ত গ্রহণ করা হবে সংশ্লিষ্ট কর্মচারী ও পিতামাতাদের সাথে আলোচনাক্রমে। স্কুল পর্যায়ে সকল সিদ্ধান্তের জন্য প্রিন্সিপ্যাল দায়বদ্ধ থাকবেন। পিতামাতাদের অধিকার রয়েছে প্রিন্সিপ্যালের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার যা ব্যাখ্যাত হয়েছে এই প্রবিধানের IX নং সেকশনে।

যখন কোন শিক্ষার্থীর উত্তীর্ণ হওয়ার বিষয়টি সংশয়িত বলে চিহ্নিত হবে, তখন পিতামাতাকে বিজ্ঞপ্তি প্রদান, হস্তক্ষেপমূলক ব্যবস্থা গ্রহণ ও লক্ষ্য নির্ধারণের প্রক্রিয়াসমূহের সময়সীমা নিচে ব্যাখ্যা করা আছে।

A. পিতামাতার অংশীদারত্ব এবং একই শ্রেণিতে রেখে দেয়ার বিজ্ঞপ্তি

শিক্ষার্থী কার্যসম্পাদনা যদি মান অর্জনের পক্ষে যথেষ্ট না হয়, তাহলে স্কুল বছরের শুরুর দিকে, কিন্তু হেমন্তের রিপোর্ট কার্ড বিতরণের পরবর্তী প্যারেন্ট-টিচার কনফারেন্স হওয়ার আগেই পিতামাতাদেরকে সে ব্যাপারে অবহিত করা হবে। এভাবে আগে-ভাগে জানিয়ে দেওয়ার ফলে শিক্ষার্থীর কাজ পর্যালোচনা, কৌশল ও হস্তক্ষেপমূলক ব্যবস্থা নিয়ে আলোচনা, ধাপসমূহ প্রতিষ্ঠা করা এবং শিক্ষার্থীর অগ্রগতির ব্যাপারে দায়দায়িত্ব ব্যাখ্যা করা। এতদসত্ত্বেও শিক্ষার্থীর কাজ/প্রাপ্ত নম্বরে প্রমাণিত হয় যে তার মান অর্জন না করার ঝুঁকি রয়ে গেছে, তাহলে পিতামাতাদের কাছে এ বিষয়ে ১৫ ফেব্রুয়ারির মধ্যে একটি লিখিত বিজ্ঞপ্তি দেওয়া হবে।[2] পিতামাতাদের অব্যাহত যোগাযোগ ও সংশ্লিষ্টতা, যেমন ফোন কল, রিপোর্ট কার্ড, প্যারেন্ট-টিচার কনফারেন্স, শিক্ষার্থীর কাজের মূল্যায়ন, এবং শিক্ষানির্দেশনায় হস্তক্ষেপ-এর রেকর্ড সংরক্ষণ করা হবে। তবে, পিতামাতাকে বিজ্ঞপ্তি প্রদানের ব্যর্থতার জন্য শিক্ষার্থীকে বাধ্যতামূলকভাবে প্রমোশন করতে হবে, সেটা নয়।

হেমন্তকালীন পিতামাতা ও শিক্ষক-শিক্ষিকা সম্মেলন স্কুল বর্ষের শেষে শিক্ষার্থীর উত্তীর্ণ হওয়ার সম্ভাবনা নিয়ে বাড়তি আলোচনার সুযোগ সৃষ্টি করে।

B. গ্রীষ্মকালীন শিক্ষানির্দেশনা

চলমান গ্রেড থেকে জুন মাসে উত্তীর্ণ না হওয়ার ঝুঁকিতে থাকা শিক্ষার্থীদের জন্য সামার প্রোগ্রাম তাদের প্রমোশনের মান অর্জনের বাড়তি সুযোগ সৃষ্টি করতে পারে।

৯ থেকে ১২ গ্রেড পর্যন্ত, শিক্ষার্থীরা উত্তীর্ণ হওয়ার জন্য প্রয়োজনীয় সংখ্যক ক্রেডিট অর্জনে সান্ধ্য স্কুল এবং/অথবা গ্রীষ্মকালীন স্কুলে পাঠ গ্রহণের সুযোগ নিতে পারে।

জুন মাসে গৃহীত উত্তীর্ণ না-করা সংক্রান্ত সিদ্ধান্ত এবং, যেখানে প্রযোজ্য, গ্রীষ্মকালীন নির্দেশনাগত সুপারিশ পিতামাতাদের লিখিতভাবে সাধারণ ডাকযোগে স্কুল বর্ষ শেষ হওয়ার ন্যূনতম চৌদ্দ স্কুলদিবস আগে জানানোর শর্তসাপেক্ষে এ ধরনের সিদ্ধান্ত গ্রহণে সহায়তার জন্য স্টেটের পরীক্ষার ফল অবহিত করতে হবে। তবে, পিতামাতাকে বিজ্ঞপ্তি প্রদানের ব্যর্থতার জন্য শিক্ষার্থীকে বাধ্যতামূলকভাবে প্রমোশন করতে হবে, সেটা নয়।

গ্রীষ্মে শিক্ষার্থীর অভীষ্ট লক্ষ্য সম্পর্কে, প্রমিত মান ও উত্তীর্ণ হওয়ার আবশ্যিকতার সাথে সঙ্গতিপূর্ণ, সুস্পষ্ট প্রত্যাশা পিতামাতা ও শিক্ষার্থীদের সাথে আলোচনা করা হবে।

---

[2] আইইপি আছে, এমন শিক্ষার্থীদের পিতামাতার কাছে দেওয়া এ ধরনের বিজ্ঞপ্তিতে যে কোন সময় সন্তানের প্রোগ্রাম পুনর্বিবেচনার অনুরোধ জানানর যে অধিকার পিতামাতাদের আছে, সেটার উল্লেখ থাকতে হবে।

উত্তীর্ণ/অ-উত্তীর্ণ বিষয়ক সিদ্ধান্ত গ্রহণের উদ্দেশ্যে অগাস্ট মাসে শিক্ষার্থীর সাফল্যের মূল্যায়ন করা হবে। যদি শিক্ষার্থীর পরবর্তী গ্রেডে উত্তীর্ণকরণ বিষয়ক অগাস্ট মাসের সিদ্ধান্তটি অংশত গ্রীষ্মকালে ২য় স্তরের দক্ষতা অর্জনের উপর নির্ভর করে, তাহলে ইএলএ ও গণিতের ক্ষেত্রে অনুসৃত মূল্যায়নের পদ্ধতিগুলি ব্যবহৃত হবে এবং পিতামাতাকে যথাবিহিত অবহিত করা হবে।

C. <u>একই শ্রেতে রয়ে-যাওয়া শিক্ষার্থীদের জন্য কৌশলগত পরিকল্পনা</u>

যে সকল শিক্ষার্থী উত্তীর্ণ হয়নি, তাদের জন্য সেপ্টেম্বর মাসে একটি বাধ্যতামূলক নির্দেশনা সংক্রান্ত কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করা হবে। অক্টোবর মাসে, প্রিন্সিপ্যাল অথবা দায়িত্বপ্রাপ্ত সুপারভাইজার স্কুলের প্রথম মাসে শিক্ষার্থীর কাজ এবং অগ্রগতির মূল্যায়নের জন্যঅকৃতকার্য শিক্ষার্থীদের শিক্ষকদের সাথে মিলিত হবেন। এরপর নিয়মিতভাবে পর্যায়ক্রমিক পুনরীক্ষণ করা হবে।

**X.** <u>একই শ্রেণিতে রেখে দেয়ার সিদ্ধান্তের বিরুদ্ধে পিতামাতার আপিল</u>

সন্তানকে অনুত্তীর্ণ রাখার সিদ্ধান্ত পিতামাতাদেরকে নিয়মিত ডাকযোগে লিখিতভাবে জানাতে হবে। ৩ থেকে ৮ গ্রেড পর্যন্ত পিতামাতাদের লিখিত আপিল করতে হবে প্রিন্সিপ্যালের কাছে এবং অগাস্ট মাসে যখন শিক্ষার্থী নিউ ইয়র্ক সিটি সামার ইএলএ এবং/অথবা গণিত পরীক্ষা দেওয়া শেষ করবে, তখন সে বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হবে। ৩ থেকে ৮ গ্রেডের আপিল নিষ্পত্তি হবে সেসব গ্রেডের জন্য এই প্রবিধানের নির্দিষ্ট প্রমোশন মানদণ্ডের উপর ভিত্তি করে। সুপারিন্টেন্ডেন্ট প্রিন্সিপ্যালের সুপারিশগুলি পুনরীক্ষণ করবেন এবং প্রতিষ্ঠিত ব্যবস্থাভিত্তিক নিয়মাবলির আলোকে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

**XI.** <u>তদন্ত</u>

এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

| | | |
|---|---|---|
| Telephone:<br>212-374-5981 | *Office of the Senior Deputy Chancellor for Academics, Performance, and Support*<br>N.Y.C. Department of Education<br>52 Chambers Street, Room 320<br>New York, NY 10007 | Fax:<br>212-374-5588 |